

## ব্যবস্থাপনা পরিচালক

১৯৯৪ সালের কোম্পানি আইনে নিবন্ধনকৃত ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) এর ব্যবস্থাপনা পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা যিনি পরিচালক পর্ষদ কর্তৃক নিযুক্ত হবেন। তিনি ফাউন্ডেশনের সংঘবিধি ও অন্যান্য বিধি-বিধানের আওতায় কার্যসম্পাদন করবেন এবং কার্যাবলীর জন্য তিনি পরিচালক পর্ষদের নিকট দায়বদ্ধ থাকবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** শিক্ষাজীবনের সকল স্তরে কমপক্ষে দু'টি প্রথম বিভাগ/শ্রেণিসহ সকল পরীক্ষায় অনূন্য দ্বিতীয় বিভাগ/শ্রেণিসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি।

**অভিজ্ঞতা:** প্রাইভেট সেক্টর এবং এসএমই সেক্টরে কাজের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণির নির্বাহী হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছর চাকুরীর অভিজ্ঞতা। দারিদ্র্য বিমোচন, জনসাধারণের আয় বৃদ্ধি, দেশজ উৎপাদন বৃদ্ধি এবং সরকারী ও বেসরকারী খাতে শিল্পায়নে তাঁর অবদানের বিষয় আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

**বয়স:** বয়সসীমা ৫০-৬০ বছর (২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অনুযায়ী)।

শিল্পায়ন এবং/অথবা এসএমই উন্নয়নে বিশেষ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স পরিচালক পর্ষদ শিথিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**বেতন কাঠামো:** সর্বসাকুল্যে মাসিক ২,৫০,০০০/- টাকা। এছাড়া ফাউন্ডেশনের নিয়ম অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর। তবে, ০৬ (ছয়) মাস চাকুরি সম্পূর্ণ হওয়ার পর কার্যক্রম মূল্যায়নের ভিত্তিতে অবশিষ্ট সময়ের জন্য চুক্তি অনুমোদন (Confirm) করা হবে।

চাকুরিরত প্রার্থীগণকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজ ছবি, অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি এবং 'এসএমই ফাউন্ডেশন জেনারেল অ্যাকাউন্ট' এর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র অথবা আবেদনপত্রের সাথে উল্লিখিত যেকোন ডকুমেন্ট সংযুক্ত না করা হলে উক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৪ বিকাল ৪:০০ টার মধ্যে চেয়ারপার্সন, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল ৬ ও ৭), ই-৫/সি-১, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে।

সালাহউদ্দিন মাহমুদ  
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)

ফাউন্ডেশন সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য [www.smef.gov.bd](http://www.smef.gov.bd) ভিজিট করুন  
এসএমই ফাউন্ডেশন এই নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক এবং/অথবা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন**

পর্যটন ভবন (লেভেল ৬ ও ৭), ই-৫/সি-১, আগারগাঁও, ঢাকা-১২০৭।